

একটি খাদ্য প্রতিষ্ঠানের লঙ্ঘন নিষ্পত্তির নির্দেশাবলী এবং প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

আমার কেসটির নিষ্পত্তি বলতে কী বোঝায়? নিষ্পত্তির মাধ্যমে, আপনি সমনগুলির সমস্ত লঙ্ঘন স্বীকার করেন এবং সেই লঙ্ঘনের জন্য ন্যূনতম প্রস্তাবিত জরিমানা থেকে কম জরিমানা প্রদান করেন।

আমাকে নিষ্পত্তি করতে হবে কেন? নিষ্পত্তি করার মাধ্যমে এবং শুনানির তারিখের আগে নিষ্পত্তির অর্থরাশি সম্পূর্ণ পরিশোধ করার মাধ্যমে, আপনাকে একটি শুনানিতে উপস্থিত হতে হবে না এবং কেসটির সমস্ত প্রমাণ শোনার পরে শুনানি আধিকারিকের নির্ধারিত একটি উচ্চতর জরিমানা পরিশোধ করার সম্ভাবনা আপনি এড়াতে পারবেন।

কারা নিষ্পত্তির জন্য যোগ্য? খাদ্য প্রতিষ্ঠানগুলিতে সমন জারি করা বিবাদীদের কাছে বর্তমানে নিষ্পত্তির প্রস্তাবগুলি করা হচ্ছে।

কখন আমি নিষ্পত্তি করতে পারব? আপনার নির্ধারিত শুনানির আগে, নিষ্পত্তির অর্থরাশি সম্পূর্ণ পরিশোধ করা সহ, OATH Hearings Division, "Tribunal" (OATH শুনানির বিভাগকে) অবশ্যই আপনার নিষ্পত্তির স্বীকৃতি পেতে হবে (ডাকযোগে, নিজে গিয়ে, বা অনলাইনে)। শুনানির তারিখের আগে নিষ্পত্তির স্বীকৃতি এবং অর্থ না পেলে, আপনাকে বা একজন প্রতিনিধিকে শুনানির জন্য হাজিরা দিতে হবে।

পেমেন্ট কখন প্রদেয় হয়? আপনি নিষ্পত্তির স্বীকৃতি জমা দেওয়ার সময় নিষ্পত্তির সম্পূর্ণ অর্থরাশির পেমেন্ট প্রদেয় হয়। আপনি নিষ্পত্তির অর্থরাশি সম্পূর্ণ পরিশোধ না করা পর্যন্ত, কেসটির নিষ্পত্তি হয়েছে বলে বিবেচিত হয় না।

আমি নিষ্পত্তি করা সত্ত্বেও কি একটি শুনানির জন্য আমাকে একজন শুনানি অফিসারের কাছে হাজিরা দিতে হবে? না। আপনি যখন নিষ্পত্তি করেন এবং শুনানির তারিখ এবং সময়ের আগে নিষ্পত্তির সম্পূর্ণ অর্থরাশি পরিশোধ করেন, তখন আপনি সমনগুলিতে উল্লিখিত লঙ্ঘনগুলি স্বীকার করছেন এবং আপনাকে একটি শুনানিতে হাজিরা দিতে হবে না।

নিষ্পত্তি করার পরে আমি কি একটি শুনানি বা আপিল অনুরোধ করতে পারব? না। একটি নিষ্পত্তি স্বীকার করার পরে আপনি একটি শুনানি বা আপিলের অনুরোধ করতে পারবেন না। নিষ্পত্তি করার মাধ্যমে, আপনি একজন শুনানি আধিকারিকের কাছে একটি শুনানির অধিকার এবং আপনার অ্যাপিল করার অধিকার ত্যাগ করছেন।

কীভাবে আমি নিষ্পত্তির প্রস্তাবটি গ্রহণ করব? আপনি OATH Hearings Division এ ডাকযোগে, নিজে গিয়ে অথবা নিউ ইয়র্ক সিটি বিজনেস এক্সপ্রেস (NYC Business Express) (www.nyc.gov/businessexpress) এ সম্পূর্ণ নিষ্পত্তির অর্থ পরিশোধ করে নিষ্পত্তির প্রস্তাব গ্রহণ করতে পারেন:

1. **অনলাইন:** www.nyc.gov/business -এ গিয়ে এবং মেনু থেকে "Violations" নির্বাচন করে আপনি নিষ্পত্তির প্রস্তাবটি অনলাইনে স্বীকার করতে (এবং একটি ক্রেডিট বা ডেবিট কার্ড ব্যবহার করে পরিশোধ করতে পারেন) পারবেন।
2. **ডাকযোগে:** আপনার নিষ্পত্তির স্বীকৃতি এবং নিষ্পত্তির সম্পূর্ণ অর্থরাশির পেমেন্ট, ট্রাইবুনালকে অবশ্যই আপনার নির্ধারিত শুনানির আগে পেতে হবে। আপনার নিষ্পত্তির স্বীকৃতি ফর্মের একদম ওপরের অংশের একটি কপি, সেই সাথে "NYC Department of Finance" এর নামে নিষ্পত্তির সম্পূর্ণ অর্থরাশির একটি চেক বা মানি অর্ডার এই ঠিকানায় পাঠান:

OATH Hearings Division
Church Street Station
P.O. Box 4466
New York, NY 10261-4466

3. **নিজে গিয়ে:** নিষ্পত্তির স্বীকৃতি ফর্মের একদম ওপরের অংশ পূরণ করুন। সেটি আপনার নির্ধারিত শুনানির আগে, OATH শুনানির বিভাগে (OATH Hearings Division) আপনার পেমেন্টের সাথে নিয়ে আসুন এবং রিসেপশন ডেস্কে জানান যে আপনি নিষ্পত্তির অর্থরাশি পরিশোধ করতে চান। আপনি চেক, মানি অর্ডার, বা ক্রেডিট বা ডেবিট কার্ড দিয়ে পরিশোধ করতে পারেন। আপনার শুনানির তারিখ এবং OATH এর ঠিকানা আপনার সমনগুলির ওপরে রয়েছে।